# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

ও কঠোর নিরাপত্তা

চুয়াডাঙ্গা জেলার দর্শনাকে পূনার্ঙ্গ থানা ঘোষনায় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এর আগমন উপলক্ষে নেওয়া হয়েছে বিভিন্ন কর্মসূচি ও কঠোর নিরাপত্তা।

দর্শনা সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত হবে সকল অনুষ্ঠান, ইতিমধ্যে দর্শনা সরকারি কলেজ মাঠে জোরদার গতিতে চলছে প্যান্ডেল বানানোর কার্যক্রম, দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্র সাজানো হয়েছে নানা রকম ফুলের গাছে।

নতুন রং করা হয়েছে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রে। এবং দর্শনার প্রধান প্রধান স্থানে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এর আগমন উপলক্ষে রাজনৈতিকদলের বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও বড় বড় গেইট স্থাপন করা হয়েছে।

আর এদিকে ব্যস্ত সময় পার করছেন দর্শনার দায়িত্বরত সকল পুলিশ সদস্য, অনুষ্ঠানে যাতে কোন বাঁধা না আশে এজন্য নেওয়া হয়েছে কঠোর নিরাপত্তা, দর্শনার মেইন মেইন পয়েন্টে চেকপোস্ট তৈরি করে চেক করা হচ্ছে সকলকে।

এ বিষয়ে দর্শনা তদন্ত কেন্দ্রের ইনচার্জ (ইন্সপেক্টর) মাহাবুবুর রহমান এর কাছে জানতে চাইলে তিনি বলেন, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এর আগমন উপলক্ষে নেওয়া হয়েছে বিভিন্ন কর্মসূচি ও কঠোর নিরাপত্তা, আমরা সর্বদা প্রস্তুত আছি, আশা করি সকল কার্যক্রম সঠিকভাবে পালিত হবে।

তবে দর্শনা বাসীর বহুদিনের সপ্ন দর্শনা থানা ঘোষণা করায়, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও চুয়াডাঙ্গা- ০২ আসনের এমপি হাজী মোঃ আলী আজগার টগর এমপি কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছে দর্শনাবাসী।

মেপ্র/আরপি

# [redacted]

[redacted]

দর্শনায় মুজিবশতবর্ষ ও অনিবার্ণের ৩ যুগ পুর্তিতে একুশে মেলা ও নাট্য উৎসব

চুয়াডাঙ্গা জেলার দর্শনার অনিবার্ণ থিয়োটার প্রতি বছর জাঁকজমক ভাবে ২১শে ফেব্রুয়ারি পালন করে, আয়োজন করে একুশে মেলা ও নাট্য উৎসব, এ বছরেরও জাঁকজমক ভাবে পালন করা হবে ২১ শে ফেব্রুয়ারি। আর মাত্র ১দিন পর দর্শনা অনিবার্ণ থিয়োটারের আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে একুশে মেলা ও নাট্য উৎসব।

ইতোমধ্যে দর্শনা ডাক বাংলো চত্বরকে ঘিরে সাজ সাজ রাব। বঙ্গবন্ধুর শত বর্ষ পুর্তি ও অনিবার্ণের ৩যুগ পুর্তিতে একুশে মেলা ও নাট্য উৎসব এবছর অন্য রকম বর্ণিল সাজে রঙিন হয়ে উঠেছে আশেপাশের দেওয়াল গুলো। নানা কথার মালা এবং আলপনায় শোভা পাচ্ছে ডাক বাংলো চত্বর।

উৎসবকে ঘিরে দিন-রাত যেন অনিবার্ণ নাট্যকর্মীর্দের চোখে ঘুম নেই। রং তুলির ছোঁয়ায় নানা রং এর নানা বর্ণমালায় রাঙিয়ে দিয়েছে মেলা চত্বর।

এবারের একুশে মেলা ও নাট্য উৎসবের গাহি সাম্যের গান, যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাঁধা ব্যবধান, যেখানে মিশেছে হিন্দু, বৌদ্ধ, মুসলিম, খীষ্টান এই শ্লোগান ধারণ করা হয়েছে। এ শ্লোগানকে সামনে রেখে দর্শনা অনিবার্ণ থিয়েটার সপ্তাহ ব্যাপী দুই বাংলার থিয়েটার গ্রুপের সংমিশ্রণে একুশে মেলা ও নাট্য উৎসবের আয়োজন করেছে।

গত মঙ্গলবার অনেক রাত পর্যন্ত অনিবার্ণ কর্মীদের দেখা গেছে ব্যানার, ফেস্টুন, কাঠে পেরেক ঠুকা, মঞ্চ তৈরী ও মেলা চত্বর সাজানোর কাজে ব্যস্ত রয়েছে। আগামী একুশে ফ্রেরুয়ারী উদ্বোধনী অনুষ্ঠান শেষে যশোর বিবর্তণ থিয়েটারের নাটক উন্মুক্ত মঞ্চে ”পাঁইচো চোরের কেচ্ছা” নাটক পরিবেশনের মধ্যে দিয়ে একুশে মেলা ও নাট্য উৎসব শুরু হবে।

এছাড়া প্রতিদিন বিকালে মেলা চত্বরে খোলা মঞ্চে বিভিন্ন স্কুল কলেজের ছেলে মেয়েদের পথ নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠান বর্ণ লেখা, চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২২ ফ্রেরুয়ারী আনোয়ার হোসেনের লেখা ও নির্দেশনায় নাটক জিষ্ণু যারা পরিবেশিত হবে।

মেলার দ্বিতীয় দিন কলকাতা বেলঘরিয়ার নাটক ”টমেন জেরী”, ৩য় দিন কলকাতা পূর্ব-পশ্চিম থিয়েটারের নাটক ”পটলবাবু ফিল্ম স্টার”, ৪র্থ দিন চুয়াডাঙ্গা অরিন্দম সাংস্কৃতিক সংগঠনের নাটক ”নীল সিন্দুরীয়া”, ৫ম দিন ঢাকা প্রাঙ্গনেমোর থিয়েটারের নাটক কনডেম সেল, ৬ষ্ঠ দিন ঢাকা শব্দ নাট্যচচার্ কেন্দ্রের নাটক ”তৃতীয় একজন” ও ৭ম দিনে ঢাকা সময় সাংস্কৃতিক গোষ্ঠীর পিবেশনায় নাটক ”ভাগের মানুষ” প্ররিবেশনের মধ্যে দিয়ে একুশে মেলা ও নাট্য উৎসবের সমাপ্তি হবে বলে জানা গেছে।

মেপ্র/আরজেএম

দর্শনায় সম্প্রাীতির বন্ধনে প্রবীন নব-নন্দনে চড়ুইভাতি অনুষ্ঠান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় সম্প্রাীতির বন্ধনে প্রবীন নব-নন্দনে চড়ুইভাতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে দিনব্যাপী এই অনুষ্ঠানে

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জীবননগর উপজেলার কেডিকে ইউনিয়নের প্রবীন কমিটির সভাপতি মো: নূরুজ্জামান।

প্রধান অথিতি হিসাবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার প্রোগাম অফিসার ও দর্শনা প্রেসক্লবের সাধারন সম্পাদক মো: আওয়াল হোসেন।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিনিয়ার সাংবাদিক আজাদ হোসেন, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার প্রোগাম অফিসার বকুল হোসেন, রইচউদ্দিন যব ফোরামের সভাপতি সুমন প্রমুখ।

অনুষ্ঠান পরিচালনা করেন পপি খাতুন। বিকালে মনোরম পরিবেশে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন হয়।

আরো পড়ুন-চুয়াডাঙ্গার কুলপালায় সড়ক দুর্ঘটনায় তিন জন আহত

দর্শনায় ধর্ষক মুমিনুল এর ফাঁসির দাবিতে মানববন্ধন

দর্শনার পারকৃষ্ণপুরে দ্বিতীয় শ্রেণীর ছাত্রী শিশু কন্যা সুমাইয়া খাতুনকে ধর্ষণের পর নির্মমভাবে হত্যার প্রতিবাদে ধর্ষক মুমিনুল ফাঁসির দাবীতে সমাবেশ ও মানব বন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৪ ঘটিকায় দর্শনা প্রেসক্লাবের সামনে দর্শনা থানা উলামা পরিষদের উদ্যোগে সমাবেশ ও মানব বন্ধন অনুষ্ঠিত হয়। দর্শনা থানা উলামা পরিষদের সভাপতি হজরত মাওলানা মুফতি হাজী গোলাম কিবরিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশ ও মানব বন্ধনে বক্তব্য রাখেন উলামা পরিষদের সাধারণ সম্পাদক আব্দুল মালেক, হজরত মাওলানা মুফতি আব্দুর রাজ্জাক, মাওলানা মুফতি জুনায়েত।

হাজী গোলাম কিবরিয়ার তার বক্তব্যে পুলিশ প্রসাশনকে ধন্যবাদ ও প্রসংশা করে বলেন, গত ১লা ফেব্রুয়ারী পারকৃষ্ণপুর গ্রামের শিশু কন্যা সুমাইয়াকে ধর্ষণের পর হত্যার ২০ মিনিটের মধ্যে পুলিশ ধর্ষক মুমিনুলকে আটক করতে সক্ষম হয়েছে। আমরা তার দ্রুত ফাঁসি কার্যকর

চাই। যদি ধর্ষকের দৃষ্টান্তমূলক শাস্তি না হয়, তাহলে সমাজের যুবকরা আরো উৎসাহিত হবে। এমন শাস্তি দেয়া হোক যাতে এ ধরণের ন্যাককার জনক কাজে কেউ উৎসাহিত না হয়।

এছাড়া তিনি প্রশাসনের নিকট দাবী করেন, ইন্টার নেট থেকে খারাপ দিকগুলো তুলে নিতে হবে এবং সমাজ থেকে সকল প্রকার মাদক দূর করতে হবে। এরপর মানব বন্ধনে উপস্থিত সকলেই নিস্পাপ সুমাইয়া খাতুন যাতে জান্নাতবাসী হয় সেই লক্ষে দুহাত তুলে দোয়া করেন।

উল্লেখ্য গত ১লা ফেব্রুয়ারী-২০২০ তারিখ সন্ধা রাতে পারকৃষ্ণপুর গ্রামের ইসলামের ছেলে মুমিনুল ইসলাম একই গ্রামের দিনমুজুর নাসিরুল ইসলামের শিশু কন্যা সুমাইয়া খাতুন (৭) কে ধর্ষণের পর নির্মমভাবে হত্যা করে।

আরো পড়ুন-আ’লীগ যেটাই করে বিএনপির কাছে তা কালো আইন: আইনমন্ত্রী

দর্শনায় ফেনসিডিল সহ ২ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনার মদনা (উত্তরপাড়া) হইতে মো: আব্দুস সাত্তার (৫০) কে এবং মো: আনারুল ইসলাম (২০) কে ১৮ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করা হয়।

গ্রেফতার কৃত মো: আব্দুস সাত্তার মদনা উত্তর পাড়ার পিতা মো: আজিজুলের ছেলে এবং অপর জন মো: আনারুল ইসলাম থানা জীবননগর কাশিপুরের পিতা- আব্দুল মজিদের ছেলে।

পুলিশ জানায়, গতকাল শুক্রবার সকাল ৭.৩৫ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা মডেল থানা সাহেব এবং দর্শনা তদন্ত কেন্দ্রের ইনচার্জ আই জি ব্যাচ প্রাপ্ত (ইন্সপেক্টর) শেখ মাহাবুবুর রহমান এর নেতৃত্বে এস আই মো: শফিকুল ইসলাম, এ এস আই মারুফ ও সঙ্গীয় ফোর্স সহ মদনা উত্তর পাড়া হইতে দুই জনকে গ্রেফতার করা হয়।

আটককৃত আসামী দুই জনের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদক মামলা করা হয়েছে।

আরো পড়ুন-মহাকাশে যাচ্ছনে প্রথম যে র্পযটকরা

দর্শনা পুলিশের মাদকবিরোধী অভিযানে ফেনসিডিল সহ ১ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা পুলিশের মাদকবিরোধী অভিযানে মো: আব্দুল আলিম সাগর (২০) কে ২০ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার জয়নগর (স্কুলপাড়া) পিতা মো: আজিজুল হকের ছেলে।

পুলিশ জানায় গতকাল বুধবার সকাল সাড়ে এগারো সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা তদন্ত কেন্দ্রের ইনচার্জ আই জি ব্যাচ প্রাপ্ত (ইন্সপেক্টর) শেখ মাহাবুবুর রহমান এর নেতৃত্বে, অফিসার এ এস আই মারুফ এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা শ্যামপুর পাইপঘাট ইটের রাস্তার উপর হইতে ২০ বোতল ফেনসিডিল সহ মো: আব্দুল আলিম সাগর
(২০) কে আটক করা হয়।

গ্রেফতারকৃত আসামীর রিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদক মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/আরপি

দর্শনার জয়নগর চেকপোস্টে ‘করোনা’ ভাইরাস রোধে কঠোর নিরাপত্তা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা জয়নগর চেকপোস্ট বাংলাদেশ ও ভারতের ব্যাস্ততম স্থলবন্দর। আর এই চেকপোস্ট দিয়ে প্রতিদিন যাতায়াত করে এক থেকে দের হাজার মানুষ। দর্শনার জয়নগর চেকপোস্ট দিয়ে যাতায়াত সহজ হওয়ার কারনে অনেকটা ভীড় দেখা যায় এই চেকপোস্টে।

কিন্তু গত কয়েক দিন আগে চীনে দেখা দেয় সদৃশ্য নতুন প্রাণ ঘাতি ‘করোনা’ ভাইরাস যা ছড়িয়ে পরছে বিভিন্ন দেশে, এজন্য সকল দেশেই নেওয়া হয়েছে কঠোর নিরাপত্তা।

এই ‘করোনা’ ভাইরাস যাতে অন্য দেশে ছড়িয়ে যেতে না পারে এজন্য সকল বিমানবন্দর ও যে সকল পয়েন্ট দিয়ে যাত্রী আসা যাওয়া করে সেখানে রাখা হয়েছে বিশেষ মেডিকেল টিম। অভিজ্ঞ মেডিকেল টিম দিয়ে সকল যাত্রীদের পরিক্ষা নীরিক্ষা করে যেতে দেওয়া হচ্ছে আগমন ও প্রস্হানকারী যাত্রীদের।

এজন্য দর্শনার ব্যাস্ততম স্থলবন্দর জয়নগরেও রাখা হয়েছে কঠোর নিরাপত্তা। জয়নগর স্থলবন্দরে আগমন/ প্রস্তানকারী যাত্রীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য ৪ জন কর্মকর্তা/ কর্মচারীগনের সমন্বয়ে একটি মেডিকেল টিম গঠন করা হয়েছে।

মেডিকেল টিমে টিম লিডার আছেন ডা: মো: শাকিল আরসালান মেডিকেল অফিসার চুয়াডাঙ্গা সদর হাসপাতাল।

মেডিকেল টিমে সদস্য হিসাবে আছেন ডা: তানভীর, চুয়াডাঙ্গার দামুড়হুদার মেমনগর উপস্বাস্থ্য কেন্দ্রের মেডিকেল অফিসার ডা: মো: আসিফ মুজতবা, মেমনগর উপস্বাস্থ্য কেন্দ্রের উপ সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ডা: মো: ওয়াশিম আলী, দামুড়হুদা উপস্বাস্থ্য কমপ্লেক্সের সহকারী পরিদর্শক ডা: মো: শাহজামাল।

মেপ্র/ আরপি

# [redacted]

[redacted]